গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ,ঢাকা
**www.dshe.gov.bd**

**স্মারক নং-৩৭.০২.০০০০.১১২.৫৭.২২.১৫/২৮৪৭ (৬৪)** **তারিখ : ২৮ নভেম্বর ২০১৯**

**বিষয়: 49তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতার সময়সূচি প্রেরণ।**

বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির ২৫-১১-২০১৯ তারিখে অনুষ্ঠিত 'কার্যনির্বাহী পরিষদ' এর সভার সিদ্ধান্ত মোতাবেক **৪৯তম শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা** উপজেলা/থানা হতে জাতীয় পর্যায় পর্যন্ত নিম্নে উল্লিখিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। এ বিষয়ে তাঁর আওতাধীন প্রতিষ্ঠান, উপজেলা/থানা এর সভাপতি/সম্পাদকের নিকট জরুরী ভিত্তিতে সার্কুলারটি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সময়সূচি: ২০১৯-২০**

| | | | |
|---|---|---|---|
| প্রতিষ্ঠান পর্যায়ে (স্কুল, মাদ্রাসা ও কারিগরি) | ১৭-১২-২০১৯ খ্রি. | হতে | ২০-১২-২০১৯ খ্রি. |
| উপজেলা/থানা পর্যায়ে | ২২-১২-২০১৯ খ্রি. | হতে | ২৯-১২-২০১৯ খ্রি. |
| জেলা পর্যায়ে | ৩১-১২-২০১৯ খ্রি. | হতে | ০৪-০১-২০২০ খ্রি. |
| উপ-অঞ্চল পর্যায়ে | ০৬-০১-২০২০ খ্রি. | হতে | ০৮-০১-২০২০ খ্রি. |
| অঞ্চল পর্যায়ে | ১০-০১-২০২০ খ্রি. | হতে | ১২-০১-২০২০ খ্রি. |
| জাতীয় পর্যায়ে (কুমিল্লা শিক্ষা বোর্ডের অধীনে) | ১৪-০১-২০২০ খ্রি. | হতে | ১৯-০১-২০২০ খ্রি. |

**নোট : ০১ জানুয়ারি ২০২০ বই উৎসব দিবস উপলক্ষ্যে ক্রীড়া প্রতিযোগিতা বন্ধ থাকবে।**

**৪৯ তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতায় নিম্নে উল্লিখিত ইভেন্টসমূহ অর্ন্তভুক্ত থাকবে:**

**(০১) অ্যাথলেটিকস্ (ছাত্র-ছাত্রী) দড়িলাফ ইভেন্টসহ (০২) হকি (ছাত্র-ছাত্রী) (০৩) ক্রিকেট (ছাত্র-ছাত্রী) (০৪) বাস্কেটবল (ছাত্র-ছাত্রী) (০৫) ভলিবল (ছাত্র-ছাত্রী) (০৬) ব্যাডমিন্টন একক ও দ্বৈত (ছাত্র-ছাত্রী) (০৭) টেবিল টেনিস একক ও দ্বৈত (ছাত্র-ছাত্রী)।**

**৪৯তম** শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা সমিতির গঠনতন্ত্রের অনুচ্ছেদ ১৯ এর প্রেক্ষিতে অ্যাথলেটিকস্ প্রতিযোগিতায় বালকদের ০৩টি গ্রুপে এবং বালিকাদের ২টি গ্রুপে খেলা অনুষ্ঠিত হবে। গ্রুপ বাছাইয়ে গঠনতন্ত্রের প্রতিটি বিষয় যথাযথভাবে পালন করতে হবে।

**৪৯তম** শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতায় ভলিবল, বাস্কেটবল, ক্রিকেট, হকি, ব্যাডমিন্টন একক ও দ্বৈত এবং টেবিল টেনিস একক ও দ্বৈত খেলাগুলো উপজেলা/থানা হতে অঞ্চল পর্যন্ত **'নক আউট' পদ্ধতিতে এবং জাতীয় পর্যায়ে 'লীগ' পদ্ধতিতে অনুষ্ঠিত হবে।**

উপজেলা/থানা হতে বিভিন্ন খেলায় বিজয়ীদের ফটো ও নামের তালিকা পরবর্তী পর্যায়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য (জেলা,উপ-অঞ্চল,অঞ্চল ও জাতীয়) সম্পাদকের নিকট যথাযথ কর্তৃপক্ষের নামাঙ্কিত সীলসহ স্বাক্ষর করে সঙ্গে সঙ্গে পাঠাতে হবে। অন্যথায় উক্ত প্রতিযোগীদের পরবর্তী প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

ছাত্র-ছাত্রী বাছাইয়ের জন্য গঠনতন্ত্রের অনুচ্ছেদ ২২ অনুসরণ করতে হবে। ছাত্র-ছাত্রীদের প্রকৃত বয়স নির্ণয়ের জন্য উপজেলা মেডিকেল অফিসার/সিভিল সার্জনের সমম্বয়ে গঠিত কমিটি কর্তৃক বয়স পরীক্ষা করতে হবে এবং গঠনতন্ত্রের বিধি বিধান মানতে হবে।

গঠনতন্ত্রে উল্লেখিত **পরিশিষ্ট 'ক' হতে 'ঙ'** পর্যন্ত বিভিন্ন ফরম (প্রযোজ্য ক্ষেত্রে) পূরণ সহ খেলার যাবতীয় নিয়ম নীতি অনুসরণ করে খেলা পরিচালনা করতে হবে। উপজেলা পর্যায়ের খেলাগুলো মনিটরিং করার জন্য জেলা শিক্ষা কর্মকর্তা এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে বিশেষভাবে অনুরোধ করা হলো। **সকল পর্যায়ের প্রতিযোগীদের প্রয়োজনীয় শীতকালীন পোষাক-পরিচ্ছদ এবং বিছানাপত্র অবশ্যই সাথে আনতে হবে এবং জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।**

বিদ্যালয় পরিবর্তনের ক্ষেত্রে অন্য বিদ্যালয় হতে আসলে প্রধান শিক্ষকের প্রত্যয়নপত্র ও টি.সি.(মূল কপি) অবশ্যই প্রদর্শন করতে হবে। (নবম শ্রেণির বদলী ছাত্রের ক্ষেত্রে TOT লিস্ট) মূল কপি প্রদর্শন করতে হবে। মূল কাগজপত্র কোনক্রমেই লেমিনেটিং গ্রহণযোগ্য হবে না। লেমিনেটিংকৃত কাগজপত্র প্রদর্শনে খেলায় অযোগ্য বলে প্রমাণিত হবে। গঠনতন্ত্রের পরিশিষ্ট-ক এর অগ্রভাগে বিদ্যালয়ের EIIN নম্বর উল্লেখ করতে হবে। প্রতিষ্ঠানের Password স্ব-স্ব দলের দায়িত্বপ্রাপ্ত শিক্ষক/শিক্ষিকা সংরক্ষণ করবেন। চাহিবা মাত্র যথাযথ কর্তৃপক্ষকে Password প্রদান করতে বাধ্য থাকবেন। জেলা পর্যায়ের বিজয়ীদের ফটোসহ নামের তালিকা অবশ্যই **ddphysical@gmail.com** ই-মেইলে পাঠাতে হবে। অনিয়মিত কোন ছাত্র-ছাত্রী ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেনা (একই ক্লাসে ০১(এক) বছরের অধিক থাকলে এবং এস.এস.সি পরীক্ষায় ড্রপ আউট অথবা পাশ না করলে সে সকল ছাত্র-ছাত্রী স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেনা)।

অপর পৃষ্ঠা দ্রঃ

বি:দ্র: বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির খেলাধুলায় ৬ষ্ঠ হতে ৮ম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের জন্য পিএসসি পরীক্ষার প্রবেশ পত্র ও পাশের মূল সনদ এবং ৯ম ও ১০ম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের জন্য জেএসসি/জেডিসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশ পত্র ও পাশের মূল সনদের কপি প্রদর্শন পূর্বক এবং ফটোকপি প্রতিষ্ঠান প্রধান কর্তৃক (ইনডেক্স নম্বর ও নামাঙ্কিত সিলসহ)সত্যায়িত করে জমা প্রদান বাধ্যতামূলক করা হয়েছে, অন্যথায় কোনো অবস্থায় খেলায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। মাঠ পর্যায়ে অনলাইনে রেজিস্ট্রেশন/ সনদ যাচাইয়ের ব্যবস্থা করতে হবে। উল্লিখিত বিষয়গুলো উপজেলা, জেলা, উপ-অঞ্চল, ও অঞ্চল পর্যায়ের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণকে মনিটরিং করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

২৬/১১/২০১৯

(মোঃ আক্তারুজ্জামান ভুঞা)
উপপরিচালক,শারীরিক শিক্ষা
পক্ষে-মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
ফোন+ফ্যাক্স: ০২-৯৫৫৬৮৪৮।

জেলা শিক্ষা অফিসার (সকল)

-------------------------------।

স্মারক নং-৩৭.০২.০০০০.১১২.৫৭.২২.১৫/ ২৬৪৭(৬৪)/৭০০

তারিখ : ২৬ নভেম্বর ২০১৯

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হল:

০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/ কারিগরি শিক্ষা অধিদপ্তর/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর/ বিকেএসপি, ঢাকা।

০২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,ঢাকা /রাজশাহী/কুমিল্লা/ যশোর/চট্টগ্রাম/ সিলেট/বরিশাল/ দিনাজপুর/ময়মনসিংহ/ মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড,ঢাকা।

০৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,ঢাকা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ/রংপুর/খুলনা/কুমিল্লা অঞ্চল।

০৪। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।

০৫। জেলা প্রশাসক,..........................................।

০৬। উপজেলা চেয়ারম্যান,.................................. জেলা,........................................।

০৭। উপজেলা নির্বাহী অফিসার....................................... জেলা .......................................।

০৮। বিদ্যালয় পরিদর্শক,মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা /রাজশাহী/কুমিল্লা/ যশোর/চট্টগ্রাম/ সিলেট/বরিশাল/ দিনাজপুর/ ময়মনসিংহ/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড,ঢাকা।

০৯। উপপরিচালক,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা /রাজশাহী/কুমিল্লা/ খুলনা/চট্টগ্রাম/ সিলেট/বরিশাল/ময়মনসিংহ/ রংপুর অঞ্চল।

১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,.......................................জেলা,........................................। কে সংশ্লিষ্ট উপজেলায় প্রত্যেকটি মাধ্যমিক স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান-কে বাধ্যতামূলক ভাবে জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

১১। শারীরিক শিক্ষা অফিসার, ঢাকা /রাজশাহী/কুমিল্লা/ যশোর/চট্টগ্রাম/ সিলেট/বরিশাল/দিনাজপুর/ ময়মনসিংহ/মাদ্রাসা শিক্ষা বোর্ড/ কারিগরি শিক্ষা বোর্ড,ঢাকা।

১২। জেলা ক্রীড়া অফিসার,(সকল)---------------------------------।

১৩। সিস্টেম এনালিস্ট, ই.এম.আই.এস. সেল মাউশি অধিদপ্তর, ঢাকা (মাউশির ওয়েব সাইটে এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের **Massage Communication** -এ প্রকাশের অনুরোধসহ)।

১৪। ------------------------------------------------------------------------------------------------।

১৫। সংরক্ষণ নথি।

২৬/১১/২০১৯

(মোঃ আক্তারুজ্জামান ভুঞা)
উপপরিচালক, শারীরিক শিক্ষা
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
এবং
সম্পাদক
বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি।

2 -B.G.S.M.K.S 1 মোহাম্মদ রাসেদ মজুমদার